

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
মতামত অনুবিভাগ।
www.lawjusticediv.gov.bd

আইন ও বিচার বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ এর

মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ	:	২৭ অক্টোবর ২০২০ খ্রিঃ
সময়	:	১২.০০ ঘটিকা
স্থান	:	সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ
সভাপতি	:	উম্মে কুলসুম যুগ্ম সচিব (মতামত) ও ফোকাল পয়েন্ট, এপিএ কমিটি।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর সভাপতি জানান যে, আইন ও বিচার বিভাগের ২০২০-২১ অর্থবছরের ১ম ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করা হয়েছে এবং ওয়েবসাইটে আপলোডও করা হয়েছে। অতঃপর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্গভুক্ত নিম্নলিখিত কৌশলগত উদ্দেশ্যসমূহের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

আলোচ্যসূচী ১: পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
সিদ্ধান্ত-১	নির্ধারিত সময়ের মধ্যে ২০২০-২১ অর্থবছরের দপ্তর সংস্থা সমূহ খসড়া প্রথম ত্রৈমাসিক প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবে।	নির্ধারিত সময়ে প্রেরিত এবং ওয়েবসাইটে আপলোডকৃত
সিদ্ধান্ত-২	বিভিন্ন জেলায় লিগ্যাল এইড কার্যক্রম পরিবীক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হবে।	লিগ্যাল এইড এর কার্যক্রম পরিবীক্ষণের কার্যক্রম চলমান
সিদ্ধান্ত-৩	জেলা রেজিস্ট্রি ও সাব রেজিস্ট্রি অফিস সমূহ নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং সিটিজেন চার্টার প্রস্তুত ও দর্শনীয় স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।	সিটিজেন চার্টার প্রস্তুতপূর্বক দর্শনীয় স্থানে প্রদর্শন করা হয়েছে

আলোচ্যসূচী ২: বিচার ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত আলোচনাঃ

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে আগত প্রতিনিধি জনাব শেখ মোঃ মুজাহিদ উল ইসলাম, পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বিচার কার্যে সংশ্লিষ্ট বিচারক এবং পাবলিক প্রসিকিউটরগণের অনলাইনে প্রশিক্ষণ পরিচালনা করা হয়েছে, যা খুবই আশাব্যঞ্জক। ১ম কোয়ার্টারে ৮.৬৬% প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি উক্ত সাফল্য অব্যাহত রেখে ২য় ত্রৈমাসিকে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন।

আলোচ্যসূচী ৩: বিচার প্রাপ্তিতে অভিজ্ঞতা সংক্রান্ত আলোচনাঃ

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার প্রতিনিধি বেগম মাসুদা ইয়াসমিন (সহকারী পরিচালক) জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি জনিত কারণে প্রি-ট্রায়াল এবং পোস্ট-ট্রায়াল মেডিয়েশন এর হার হ্রাস পাবে। অধিকন্তু অতিমারির ২য় ডেউ আসায় তিনি অনলাইনে জেলা লিগ্যাল এইড অফিস সমূহ মনিটরিং শুরু করার অনুমতি প্রার্থনা করেন। সভাপতি উক্ত বিষয়ে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার প্রতিনিধির সাথে একমত পোষণ করেন।

আলোচ্যসূচী ৪: ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমের দক্ষতা বৃদ্ধি সংক্রান্তঃ

সভাপতি মহোদয় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কর্মপরিকল্পনায় ভূমি রেজিস্ট্রেশন কার্যক্রমের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন জেলা রেজিস্ট্রি অফিস ও সাব-রেজিস্ট্রি অফিসে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজনের উপর জোর তাগিদ দেন। নিবন্ধন অধিদপ্তর হতে আগত প্রতিনিধি আইআরও জনাব মোঃ জসিম উদ্দিন জানান যে, ইতোমধ্যে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে এবং প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা হবে।

আলোচ্যসূচী ৫: বিবিধ

আবশ্যিক কর্মকৌশলের এ কোয়ার্টারের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সভাপতি উপস্থিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিশেষ করে, কর্মকর্তা-কর্মচারীদের ইন-হাউস প্রশিক্ষণ, উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, বিভিন্ন শাখা/অধিশাখা/অনুবিভাগ পরিদর্শন, ই-ফাইলিং পদ্ধতির প্রয়োগ বৃদ্ধি এবং নথির শ্রেণীবিন্যাস এর উপর জোর দেন। এ সকল কর্মসম্পাদনের জন্য সংশ্লিষ্ট প্রত্যেক শাখা-অধিশাখাকে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য তিনি অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


সিদ্ধান্ত-১: বিচারকদের অনলাইন/অফলাইন প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

সিদ্ধান্ত-২: অফলাইনে জেলা লিগ্যাল এইড অফিস সমূহের কার্যক্রম পরিবীক্ষণ।

সিদ্ধান্ত-৩: নিবন্ধন অধিদপ্তর জেলা রেজিস্ট্রার, সাব রেজিস্ট্রার, সহায়ক কর্মকর্তা ও কর্মচারী, দলিল লিখকদের প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।

সিদ্ধান্ত-৪: উত্তম চর্চার তালিকা প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় তিনি সকলকে ২য় পর্যায়ের কোভিড-১৯ সংক্রমনের বিষয়ে সবাইকে সতর্ক থাকার পরামর্শ দিয়ে এবং স্বাস্থ্যবিধি মেনে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



উম্মে কুলসুম
যুগ্ম সচিব (মতামত)

ও

ফোকাল পয়েন্ট

এপিএ কমিটি, আইন ও বিচার বিভাগ।